

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৪, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

অবা-১ শাখা

আদেশ

তারিখ, ১২ই আশ্বিন ১৪০৮/২৭শে সেপ্টেম্বর ২০০১

এস আর ও নং ২৭৪-আইন/২০০০।—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ১৯৯৭—২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশ এর পরিশিষ্ট-১এর “(খ) শর্তযুক্ত আমদানিযোগ্য পণ্যের তালিকা” শিরোনামাধীন টেবিলের কলাম ১ এ উল্লিখিত হেডিং নং ৬৩.০৯ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর যথাক্রমে, নিম্নরূপ হেডিং নং এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

“৬৯.১২	৬৯১২.০০.০০	সিরামিক তৈজসপত্র (টেবিল ওয়্যার)	বাণিজ্যিকভাবে সিরামিক তৈজসপত্র (টেবিল ওয়্যার) আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্য বিডিএস ৪৮৫ঃ২০০০ (বিএসটিআই কর্তৃক নির্ধারিত) মানসম্পন্ন হইতে হইবে এবং এই মর্মে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সার্ভেয়ার কর্তৃক প্রদত্ত প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সার্টিফিকেট পণ্য খালাসের সময় শুদ্ধ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।”
--------	------------	----------------------------------	--

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আকরাম হোসেন

উপ-সচিব (আই আই টি-২)।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৯৬৫৩)

মূল্য : টাকা ১.০০